গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

# উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৭-০৫-২০২০ খ্রিঃ, দুপুর ০২:০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা চেয়ারম্যান অফিস কক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী জানান যে, সর্বশেষ আবহাওয়া অধিদপ্তর এর রিপোর্ট অনুযায়ী ১৭ মে ২০২০ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় ঘূর্ণিঝড় 'আম্পান' এর অবস্থান চট্টগ্রাম সমুন্দ্রবন্দ হতে ১৩২৫ কিঃমিঃ দক্ষিণ পশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১২৬০ কিঃমিঃ দক্ষিণ পশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ১২৫০ কিঃমিঃ দক্ষিণ পশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ১২৩০ কিঃমিঃ দক্ষিণ পশ্চিমে। সভায় ঘূর্ণিঝড় 'আম্পান" এর আঘাত মোকাবেলায় করণীয় নির্ধারনে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সম্মানিত উপজেলা চেয়ারম্যান , ভাইস-চেয়ারম্যানগণ, জেলা পরিষদ সদস্যগণসহ অন্যান্য জনপ্রতিনিধিগণকে জনগণকে নিরাপদ জায়গায় যাওয়ার সকল প্রয়োজনীয় কাজে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করা হলো। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১। ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান ঃ** জরুরী ভিত্তিতে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান করার বিষয়ে আলোচনা করা হয়। | জরুরী ভিত্তিতে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইউপি চেয়ারম্যান |
| **২। সংকেত প্রচারঃ** সিপিপি এর স্বেচ্চাসেবকদের মাধ্যমে ব্যাপকভাবে সংকেত প্রচার করার বিষয়ে আলোচনা করা হয়। | সিপিপি এর স্বেচ্ছাসেবকদের মাধ্যমে ব্যপকভাবে সংকেত প্রচারের সিদ্ধান্তগৃহীত হয়। | ১। সহকারী পরিচালক, সিপিপি, কোম্পানীগঞ্জ।<br>২। সকল ইউপি চেয়ারম্যান সার্বিক তত্ত্বাবধানে থাকবেন।<br>৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| **৩। কন্ট্রোল রুম স্থাপনঃ** জরুরী তথ্য সংগ্রহ ও বিতরণের নিমিত্তে কন্ট্রোল রুম স্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | জরুরী তথ্য সংগ্রহ ও বিতরণের নিমিত্তে কন্ট্রোল রুম স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| **৪। আবহাওয়া দপ্তরের সাথে সার্বিক যোগাযোগঃ** দুর্যোগকালীন আবহাওয়া দপ্তরের সাথে সার্বিক যোগাযোগ রাখার বিষয়ে আলোচনা করা হয়। | আবহাওয়া দপ্তরের সাথে সার্বিক যোগাযোগ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক, সিপিপি, কোম্পানীগঞ্জ |
| **৫। ইউনিয়ন পরিষদ এর দায়িত্বঃ** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সচিব ,সদস্যবৃন্দ ,গ্রাম পুলিশ , সদস্যসহ সকলে সমন্বিত ভাবে কাজ করবেন। আশ্রয়কেন্দ্র সমূহে লোকজন আনা নেওয়া ,অবস্থানকালীন সময়ে সামাজিক দূরত্ব নিশ্চিত করবেন। আশ্রয়কেন্দ্র সমূহে খাদ্য সরবরাহ ও অন্যান্য সুযোগ সুবিধা নিশ্চিত করবেন। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সচিব ,সদস্যবৃন্দ ,গ্রাম পুলিশ, সদস্যসহ সকলে সমন্বিত ভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সচিব ,সকল। |

| | | |
|---|---|---|
| ৬। **আশ্রয়ন কেন্দ্র চালুকরণ** ঃ সকল মাধ্যমিক/প্রাথমিক বিদ্যালয় এর মাধ্যমে আশ্রয়ণ 'কেন্দ্র চালু করণ/বিদ্যালয়সমূহ আশ্রয় কেন্দ্র হিসাবে ব্যবহারের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করা হয়। প্রতিষ্ঠানের প্রধানগণ প্রয়োজনীয় মুহূর্তে চাবি সরবরাহ করা সহ ভবন ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা করবেন এবং সাইক্লোন শেল্টার বা শেল্টার হিসেবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানে খাবার পানি সরবরাহ নিশ্চিত করার প্রস্তুতি রাখতে অনুরোধ করা হয়। | সকল মাধ্যমিক/প্রাথমিক বিদ্যালয়ে আশ্রয় কেন্দ্র চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ছাত্র ছাত্রীদের দুর্যোগকালীন বিপদ মোকাবেলায় করণীয় বিষয়ে সম্মানিত শিক্ষকবৃন্দের মাধ্যমে অবহিত করার জন্যও সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ<br><br>২। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ৭। **মেডিকেল টিম গঠন** ঃ দুর্যোগকালীন স্বাস্থ্য রক্ষায় প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম গঠনের বিষয়ে আলোচনা করা হয়। | প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| ৮। **স্বেচ্ছাসেবক দল গঠন** ঃ স্কাউটসদের সমন্বয়ে স্বেচ্ছাসেবক দল গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | স্কাউটসদের সমন্বয়ে স্বেচ্ছাসেবক দল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউটস, কোম্পানীগঞ্জ |
| ৯। **রাস্তা-ঘাট পরিষ্কার** ঃ দুর্যোগকালীন সময়ে রাস্তা ঘাটে পড়ে থাকা গাছপালা দ্রুততম সময়ের মধ্যে পরিষ্কার করার জন্য উপজেলা বন কর্মকর্তাকে করাতিদের সাথে যোগাযোগ করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে সমন্বয় করে দ্রুত গাছ কাটা এবং প্রয়োজনীয় করাত /ইলেকট্রিক করাত সংগ্রহ করার বিষয়ে আলোচনা করা হয় | দুর্যোগকালীন সময়ে রাস্তা ঘাটে পড়ে থাকা গাছপালা দ্রুততম সময়ের মধ্যে পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। রেঞ্জ অফিসার ,বন বিভাগ, কোম্পানীগঞ্জ।<br><br>২। স্টেশান মাষ্টার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কোম্পানীগঞ্জ। |
| ১০। **আইন শৃঙ্খলা রক্ষা** ঃ দুর্যোগকালীন পুলিশ বাহিনী কর্তৃক আইন শৃঙ্খলা রক্ষসহ সামাজিক দায়িত্ব পালনে বিষয়ে আলোচনা করা হয়। | দুর্যোগকালীন পুলিশ বাহিনী কর্তৃক আইন শৃঙ্খলা রক্ষসহ সামাজিক দায়িত্ব পালনে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, কোম্পানীগঞ্জ থানা |
| ১১। **সকল কর্মকর্তা/কর্মচারী কর্মস্থলে অবস্থান** ঃ সকল কর্মকর্তা/কর্মচারী পরবর্তী নিদের্শনা না দেয়া পর্যন্ত স্ব স্ব কর্মস্থলে অবস্থান করার বিষয়ে আলোচনা করা হয়। | সকল কর্মকর্তা/কর্মচারী পরবর্তী নিদের্শনা না দেয়া পর্যন্ত স্ব স্ব কর্মস্থলে অবস্থান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা / কর্মচারীগণ ফোন নাম্বার সর্বদা খোলা রাখতে অনুরোধ করা হল। কারো ফোন নাম্বার বন্ধ পাওয়া গেলে তিনি কর্মস্থলে নেই মর্মে ধরে নেয়া হবে। | সকল বিভাগীয় প্রধানগণ |
| ১২। **বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিককরণ** ঃ দুর্যোগকালীন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | দুর্যোগকালীন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ,<br><br>২। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কোম্পানীগঞ্জ |
| ১৩। **মসজিদের মাধ্যমে সংকেত প্রচার** ঃ মসজিদ ও ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে সংকেত প্রচারের বিষয়ে আলোচনা করা হয়। | মসজিদ ও ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে সংকেত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ফিল্ড সুপারভাইজার, কোম্পানীগঞ্জ।<br>২। ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ।<br>৩। সভাপতি/ সাধারণ সম্পাদক হিন্দু ,বৌদ্ধ ,খ্রিষ্টান ঐক্যবদ্ধ পরিষদ, কোম্পানীগঞ্জ। |
| ১৪। **শুকনো খাবারের ব্যবস্থাকরণ** ঃ দুর্যোগকালীন শুকনো খাবার, বিশুদ্ধ খাবার পানি, মোম, দিয়াশলাই সরবরাহের | দুর্যোগকালীন শুকনো খাবার, বিশুদ্ধ খাবার পানি, মোম, দিয়াশলাই সরবরাহের | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ। |

| | | |
|---|---|---|
| প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | প্রয়োজনীয় বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **১৫। উদ্ধার কাজ ঃ** দুর্যোগকালীন উদ্ধার কাজের প্রয়োজন হলে এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি রাখার বিষয়ে আলোচনা করা হয়। | দুর্যোগকালীন উদ্ধার কাজের প্রয়োজন হলে এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ষ্টেশন মাষ্টার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কোম্পানীগঞ্জ |
| **১৬। কৃষকদের মাঝে বার্তা প্রেরণ ঃ** কৃষকদের মাঝে দুর্যোগকালীন প্রয়োজনীয় বার্তা প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি রাখার বিষয়ে আলোচনা করা হয়। | কৃষকসহ সকল মৎসচাষী ও গবাদী পশু ও হাঁসমুরগী খামারীদের মাঝে দুর্যোগকালীন প্রয়োজনীয় বার্তা প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা কোম্পানীগঞ্জ।<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ।<br>৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ। |
| **১৭। প্রয়োজনীয় খাদ্য মজুদ রাখা ঃ** খাদ্য গুদামে পর্যাপ্ত খাদ্য মজুদ রাখার বিষয়ে আলোচনা করা হয়। | খাদ্য গুদামে পর্যাপ্ত খাদ্য মজুদ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ |

দুর্যোগকালীন সময় সকল শ্রেনী পেশার মানুষকে যার যার অবস্থান থেকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন এবং আক্রান্ত মানুষকে সহযোগিতা প্রদানের জন্য সকলকে অনুরোধ করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নং- ৫১.০১.৭৫২১.০০০.৪১.০৫০.২০- ৯৬

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো।

তারিখ- ১৭ /০৫/ ২০২০খ্রিঃ

০১। মহা পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্ত, মহাখালী, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নোয়াখালী।
০৫। উপজেলা ........................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৬। চেয়ারম্যান, ........................................ইউপি (সকল), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৭। জনাব .................................................. কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৮। অফিস কপি।

মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।